দৈনিক খবর
তারিখ 17 SEP 1993
পৃষ্ঠা ... ২ কলাম ৭ ...

## ছাত্র ইউনিয়নের ঢাকা ঘেরাও কর্মসূচী

# নতুন শিক্ষা নীতি ঘোষণার দাবীতে বই খাতা হাতে বিক্ষোভ মিছিল

।।স্টাফ রিপোর্টার।।

নতুন শিক্ষানীতি ঘোষণার দাবীতে গতকাল বৃহস্পতিবার রাজধানীতে বইখাতা হাতে বিক্ষোভ মিছিল ও ঢাকা ঘেরাও কর্মসূচী পালন করেছে। বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ ছাত্র ইউনিয়নের এ আন্দোলনের সাথে সংহতি প্রকাশ করে বলেছেন, আমাদের ভবিষ্যতে প্রজন্মের জন্য একটা বৈষম্যহীন শিক্ষানীতি প্রয়োজন। এজন্য সরকারকে অচিরেই পদক্ষেপ গ্রহণ করতে হবে। ছাত্র ইউনিয়ন আগামী ডিসেম্বরের মধ্যে শিক্ষানীতি বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল সকাল সাড়ে ১১টার দিকে ছাত্র-ছাত্রীদের বইখাতা হাতে একটি বিক্ষোভ মিছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিন থেকে বেরিয়ে প্রথমে ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং পরে সচিবালয়ের পাঁচ নম্বর গেট-এর সামনে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## নতুন শিক্ষানীতি

প্রথম পৃষ্ঠার পর

এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে সংহতি প্রকাশ করেন অধ্যাপক মোজাফফর আহমদ, এ কে এম বদরুল হক বাচ্চু, গোলাম কুদ্দুস, ডঃ আসাদুজ্জামান নূর, ফকির আলমগীর ও শংকর সাওজাল। সমাবেশে রুহিন হোসেন প্রিন্স-এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সাজ্জাদ জহির চন্দন, পথিক সাহা, আসলাম খান, হাসান হাফিজুর রহমান সোহেল ও মোস্তফা মনওয়ারজলি।

ছাত্রদের সাথে সংহতি প্রকাশ করে মোজাফফর আহমদ বলেন, আমাদের শিক্ষাক্ষেত্রে নানা রকম অপচয় হচ্ছে. বৈষম্য বিরাজমান। গ্রামে এক ধরনের শিক্ষা আর শহরে আরেক ধরনের শিক্ষা ব্যবস্থা এসব বৈষম্য দূর করে আমাদের শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে তিনি বলেন, আমাদের সংবিধানে অভিন্ন শিক্ষার কথা বলা হলেও কার্যত তা নেই এখন দেশে চলছে বৈষম্য. কিন্তু সাংবিধানিক তা চলতে পারে না। সরকার শিক্ষানীতি বাস্তবায়নের সাংবিধানিক দায়িত্ব পালন করছে না। অর্থবহ শিক্ষা ছাড়া কোন দেশের উন্নতি হতে পারে না.

ছাত্র ইউনিয়নের নেতৃবৃন্দ বলেন: আমরা ইতিমধ্যে একটি খসড়া শিক্ষানীতি তৈরী করেছি। সরকারী অনীহার কারণে স্বাধীনতার পর এ যাবৎ কোন সম্পূর্ণ শিক্ষানীতি ঘোষণা করা হয়নি। তাই আমরা এদেশের বরেণ্য বুদ্ধিজীবী ও শিক্ষাবিদদের সাথে নিয়ে একটি নতুন দিক নির্দেশনা দিয়েছি। এখানে আমরা শিক্ষার সবদিক নিয়ে আলোচনা করেছি। আর বর্তমান সরকারকে এ ব্যাপারে সুস্পষ্ট ঘোষণা দিতেহবে।

ইউনিয়ন নেতৃবৃন্দ নতুন কর্মসূচীও সমাবেশ থেকে ঘোষণা করেছেন। তারা জানান, আগামী ডিসেম্বরের মধ্যে নতুন শিক্ষানীতি ঘোষণা না করা হলে বৃহত্তর আন্দোলন পরিচালনা করা হবে। এর আগে প্রাথমিকভাবে অক্টোবরে সারাদেশে বিকল্প প্রস্তাবনা তুলে ধরা হবে. ব্যাপক জনসংযোগ চলবে। নভেম্বরে বিকল্প শিক্ষানীতির ব্যাপারে গণস্বাক্ষর এবং ডিসেম্বরে ছাত্র শিক্ষক অভিভাবকদের মহাসমাবেশ করা হবে। ঐ মহাসমাবেশ থেকেই নতুন কর্মসূচী ঘোষণা করা হবে